BIWTA

পদের নাম: নিম্নমান সহকারী / মুদ্রাক্ষরিক

**সময়: ৯০ মিনিট** **পরীক্ষার তারিখ: ০৮.০৫.২০২৬** **পূর্ণমান: ৭০**

**বিষয়: বাংলা (২০)**

**১. নিম্নলিখিত প্রশ্নের সঠিক উত্তর লিখুন: (উত্তরপত্রে প্রশ্ন লেখার প্রয়োজন নেই)** **১×৮=৮**

ক. 'খনার বচন' এর মূলভাব কী?

**উত্তর:** শুদ্ধ জীবনযাপন রীতি।

খ. বাংলা নাটক প্রথম অভিনীত হয় কবে?

**উত্তর:** ১৭৯৫ সালে।

গ. 'দ্যুলোক' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?

**উত্তর:** দিব্+লোক।

ঘ. 'তার বয়স হলেও বুদ্ধি হয়নি'- কোন ধরনের বাক্য?

**উত্তর:** সরল বাক্য।

ঙ. 'প্রসন্ন' এর বিপরীতার্থক শব্দ কী?

**উত্তর:** বিষণ্ণ।

চ. 'যে ক্রিয়ার কর্ম নেই' তাকে কী বলে?

**উত্তর:** অকর্মক ক্রিয়া।

ছ. অশুদ্ধি সংশোধন করুন: ইক্ষুর চারা বপন করা হইল।

**উত্তর:** ইক্ষুর চারা রোপণ করা হলো।

জ. এক কথায় প্রকাশ করুন: যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে।

**উত্তর:** অবিমৃষ্যকারী।

**প্রশ্ন-২. বাংলাদেশের অর্থনীতিতে চলমান ইরান-যুক্তরাষ্ট্র যুদ্ধের প্রভাবের উপর একটি প্রবন্ধ লিখুন।** **১২**

**উত্তর:**

বর্তমান বিশ্বব্যবস্থায় একটি দেশের রাজনৈতিক বা সামরিক সংঘাতের প্রভাব কেবল সেই দেশেই সীমাবদ্ধ থাকে না; বরং তা বিশ্ব অর্থনীতিতেও ব্যাপক প্রভাব ফেলে। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার চলমান উত্তেজনা ও যুদ্ধ পরিস্থিতি মধ্যপ্রাচ্যসহ সমগ্র বিশ্বের অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য একটি বড় উদ্বেগের বিষয়। বাংলাদেশ সরাসরি এই যুদ্ধে জড়িত না থাকলেও বৈশ্বিক অর্থনীতির অংশ হিসেবে দেশের অর্থনীতি এ সংঘাতের নেতিবাচক প্রভাব থেকে সম্পূর্ণ মুক্ত নয়।

বাংলাদেশের অর্থনীতির অন্যতম প্রধান চালিকাশক্তি হলো আমদানি-নির্ভর জ্বালানি ব্যবস্থা। মধ্যপ্রাচ্য থেকে বিপুল পরিমাণ অপরিশোধিত তেল ও জ্বালানি আমদানি করা হয়। ইরান-যুক্তরাষ্ট্র যুদ্ধের কারণে আন্তর্জাতিক বাজারে তেলের দাম বৃদ্ধি পেলে বাংলাদেশের আমদানি ব্যয়ও বেড়ে যায়। এর ফলে পরিবহন খরচ, বিদ্যুৎ উৎপাদন ব্যয় এবং শিল্প উৎপাদনের খরচ বৃদ্ধি পায়। শেষ পর্যন্ত এর প্রভাব পড়ে সাধারণ মানুষের জীবনযাত্রায় এবং দ্রব্যমূল্যের ওপর।

এ যুদ্ধের কারণে বৈদেশিক বাণিজ্যেও নেতিবাচক প্রভাব দেখা দিতে পারে। মধ্যপ্রাচ্যের সামুদ্রিক রুট, বিশেষ করে হরমুজ প্রণালী, আন্তর্জাতিক বাণিজ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। যুদ্ধ পরিস্থিতিতে এ অঞ্চলে জাহাজ চলাচল ব্যাহত হলে বাংলাদেশের আমদানি-রপ্তানি কার্যক্রমে বিলম্ব ও অতিরিক্ত ব্যয় সৃষ্টি হতে পারে। এতে পোশাক শিল্পসহ রপ্তানিনির্ভর খাত ক্ষতির সম্মুখীন হতে পারে।

বাংলাদেশের বৈদেশিক কর্মসংস্থানেও এর প্রভাব পড়তে পারে। মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে বিপুলসংখ্যক বাংলাদেশি কর্মরত আছেন। যুদ্ধ ও অস্থিতিশীলতার কারণে তাদের কর্মসংস্থান ঝুঁকির মুখে পড়তে পারে, যা রেমিট্যান্স প্রবাহ কমিয়ে দিতে পারে। অথচ রেমিট্যান্স বাংলাদেশের বৈদেশিক মুদ্রার অন্যতম প্রধান উৎস।

শেয়ারবাজার ও বিনিয়োগ খাতও এ ধরনের আন্তর্জাতিক সংঘাতে ক্ষতিগ্রস্ত হয়। যুদ্ধ পরিস্থিতিতে বৈশ্বিক বিনিয়োগকারীরা ঝুঁকি এড়িয়ে চলতে চায়, ফলে বিদেশি বিনিয়োগ কমে যেতে পারে। একই সঙ্গে আন্তর্জাতিক বাজারে অস্থিরতা তৈরি হলে বাংলাদেশের মুদ্রাবাজার ও ব্যাংকিং খাতেও চাপ সৃষ্টি হতে পারে।

তবে সংকটের মধ্যেও কিছু সম্ভাবনা সৃষ্টি হতে পারে। বাংলাদেশ যদি কৌশলগতভাবে বিকল্প জ্বালানি উৎস, নবায়নযোগ্য শক্তি এবং নতুন রপ্তানি বাজার অনুসন্ধান করতে পারে, তবে দীর্ঘমেয়াদে অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জন সহজ হবে। একই সঙ্গে অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধি ও অর্থনৈতিক বৈচিত্র্য আনার মাধ্যমে বৈদেশিক নির্ভরতা কমানো সম্ভব।

পরিশেষে বলা যায়, ইরান-যুক্তরাষ্ট্র যুদ্ধ বাংলাদেশের অর্থনীতির ওপর প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে। জ্বালানি মূল্য বৃদ্ধি, বাণিজ্য ব্যাহত হওয়া, রেমিট্যান্স কমে যাওয়া এবং বিনিয়োগ হ্রাসের মতো সমস্যা দেশের অর্থনৈতিক অগ্রগতিকে বাধাগ্রস্ত করতে পারে। তাই এ ধরনের বৈশ্বিক সংকট মোকাবিলায় বাংলাদেশকে দূরদর্শী অর্থনৈতিক পরিকল্পনা ও কার্যকর কূটনৈতিক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**Subject: English (20)**

**Question-3. Write only the correct answer (Do not write questions on the answer sheet):**

**8×1=8**

A) Fill in the blank with appropriate article: Many ... good boy failed.

**Ans:** a

B). Fill in the blank with appropriate preposition: Give me a ring ... gold.

**Ans:** of

C). What kind of noun "committee" is?

**Ans:** Collective

D). Fill in the blank: He is too dishonest ... the truth.

**Ans:** to speak

E). Write the synonym of: exhaust.

**Ans:** fatigue

F). Correct the sentence: A letter was written by Azim?

**Ans:** Azim wrote a letter.

G). Write the appropriate verb: I heard him say this.

**Ans:** saying

H). Translate into English: বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ।

**Ans:** Bangladesh is a riverine country.

**Question 4. Write an essay on "Importance of computer literacy and file management in office productivity".** **12**

**Ans:**

In the modern world, computer literacy and proper file management have become essential skills for every office employee. Almost all organizations now depend on computers for communication, data processing, record keeping, and decision-making. Therefore, having adequate knowledge of computer operation and maintaining files systematically are crucial for increasing office productivity and efficiency.

Computer literacy refers to the ability to use computers and related technology effectively. An employee who is computer literate can perform tasks such as typing documents, preparing presentations, using spreadsheets, sending emails, browsing the internet, and operating office software smoothly. These skills help employees complete tasks quickly and accurately. As a result, time is saved, errors are reduced, and communication becomes faster. In addition, computer literacy enables employees to adapt to modern technologies and workplace automation.

File management is another important aspect of office work. It means organizing, storing, naming, and maintaining files in a proper way so that they can be easily found and used when necessary. Good file management ensures that important documents are secure and accessible. Employees can avoid confusion, duplication, and loss of information by maintaining files systematically. Proper folder structures, clear file names, regular backups, and secure storage systems contribute greatly to office efficiency.

Effective file management also improves teamwork and collaboration. When files are organized properly, colleagues can easily share information and work together on projects. It reduces delays and increases coordination among departments. Furthermore, proper file management helps organizations maintain confidentiality and comply with official policies and regulations.

Increased office productivity is one of the major benefits of computer literacy and file management. Employees can complete tasks in less time, make fewer mistakes, and provide better service to clients and customers. Organizations can also reduce operational costs and improve overall performance. In today's competitive environment, offices that use technology efficiently are more likely to succeed.

**বিষয়: গাণিতিক যুক্তি (১৫)**

**প্রশ্ন-৫: নিম্নলিখিত প্রশ্নের সঠিক উত্তর দিন: (উত্তরপত্রে প্রশ্ন লেখার প্রয়োজন নেই): ৫×৩ = ১৫**

ক. একজন ফল বিক্রেতা একটি তরমুজের গায়ে ২৫০ টাকা দাম লিখে রাখে। ঐ দাম থেকে সে ২০% ছাড় দিয়ে তরমুজটি বিক্রি করে। তরমুজটি বিক্রি করে যদি তার ক্রয় মূল্যের উপর ২৫% লাভ হয়, তাহলে তরমুজটির ক্রয়মূল্য কত?

**সমাধান:** তরমুজের ধার্যমূল্য = ২৫০ টাকা

২০% ছাড়ে তরমুজের বিক্রয়মূল্য = ২৫০ – ২৫০ এর ২০%

= ২৫০ – ২৫০ × (২০/১০০)

= ২৫০ – ৫০

= ২০০ টাকা।

ক্রয়মূল্যের উপর ২৫% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ২৫ = ১২৫ টাকা।

বিক্রয়মূল্য ১২৫ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

বিক্রয়মূল্য ১ টাকা হলে ক্রয়মূল্য = ১০০/১২৫ টাকা

বিক্রয়মূল্য ২০০ টাকা হলে ক্রয়মূল্য = (১০০×২০০)/১২৫ টাকা

= ১৬০ টাকা

∴ তরমুজের ক্রয়মূল্য ১৬০ টাকা (উত্তর)।

খ. দুইটি সংখ্যার গড় ab, একটি সংখ্যা a হলে অপরটি কত?

**সমাধান:** মনেকরি,

অপর সংখ্যা = x

সংখ্যা দুটির গড়, ab = (a+x)/2

$\Rightarrow a + x = 2ab$

$\Rightarrow x = 2ab - a$

$\therefore x = a(2b-1)$

$\therefore$ অপর সংখ্যা a(2b–1) (Ans)

গ. কোন এলাকার লোকসংখ্যা ১০,০০০ জন। যদি পুরুষের সংখ্যা ১৫% বৃদ্ধি পায় এবং স্ত্রীলোকের সংখ্যা ৯% কমে যায়, তাহলে এলাকার লোকসংখ্যার কোন পরিবর্তন হয় না। ঐ এলাকার পুরুষ ও স্ত্রীলোকের সংখ্যা কত?

**সমাধান:** মনেকরি,

পুরুষের সংখ্যা = x জন

এবং স্ত্রীলোকের সংখ্যা = (১০০০০ – x) জন

পুরুষের সংখ্যা ১৫% বৃদ্ধিতে লোকসংখ্যা = x × ১৫%

= x × (১৫/১০০)

= ১৫x/১০০

স্ত্রীলোকের সংখ্যা ৯% কমে লোকসংখ্যা = (১০০০০-x) × ৯%

= (১০০০০-x) × ৯/১০০

যেহেতু লোকসংখ্যার কোনো পরিবর্তন হয় না, সুতরাং-

১৫x/১০০ = (১০০০০-x) × ৯/১০০

⇒ ১৫x = ৯০০০০ – ৯x

⇒ ১৫x + ৯x = ৯০০০০

⇒ ২৪x = ৯০০০০

⇒ x = ৩৭৫০

∴ পুরুষের সংখ্যা = ৩৭৫০ জন।

এবং স্ত্রীলোকের সংখ্যা = (১০০০০ – ৩৭৫০) জন

= ৬২৫০ জন। (উত্তর)

ঘ. একটি আয়তকার বাক্সের উচ্চতা এর দৈর্ঘ্যের দুই-তৃতীয়াংশ। আবার বাক্সটির প্রস্থ এর দৈর্ঘ্যের এক-পঞ্চমাংশ। বাক্সটির প্রস্থ ৬ ফুট হলে এর আয়তন কত?

**সমাধান:** মনেকরি,

আয়তাকার বাক্সের দৈর্ঘ্য = $x$ ফুট

দেওয়া আছে, প্রস্থ = ৬ ফুট

শর্তমতে, প্রস্থ = $x \times$ (১/৫)

$\Rightarrow$ ৬ = $x$ /৫

$\therefore$ $x$ = ৩০

$\therefore$ দৈর্ঘ্য = ৩০ ফুট

এবং উচ্চতা = ২/৩ $x$

= ২/৩ $\times$ ৩০

= ২০ ফুট

আমরা জানি,

আয়তাকার বাক্সের আয়তন = (দৈর্ঘ্য $\times$ প্রস্থ $\times$ উচ্চতা) ঘনফুট

= ৩০ $\times$ ৬ $\times$ ২০

= ৩৬০০ ঘনফুট (উত্তর)

ঙ. $x + 2y - z = 5$, $2x + 3y + z = 11$, $3x - y + 3z = 7$ হলে $x$, $y$ এবং $z$ এর মান কত?

**সমাধান:** দেওয়া আছে,

$X + 2y - z = 5$ ----- (i)

$2x + 3y + z = 11$ ----- (ii)

$3x - y + 3z = 7$ ------ (iii)

(i) + (ii) $\Rightarrow x + 2y + 2x + 3y = 5 + 11$

$\Rightarrow 3x + 5y = 16$ -------------- (iv)

(ii)×3 − (iii) $\Rightarrow$

$6x + 9y + 3z - (3x - y + 3z) = 33 - 7$

$\Rightarrow 6x + 9y + 3z - 3x + y - 3z = 26$

$\Rightarrow 3x + 10 = 26$ ------------------------- (v)

(v) – (iv) $\Rightarrow$

$3x + 10y - (3x + 5y) = 26 - 16$

$\Rightarrow 3x + 10y - 3x - 5y = 10$

$\Rightarrow 5y = 10$

$\therefore y = 2$

Y এর মান (v) নং সমীকরণে বসিয়ে পাই,

$3x + 10.2 = 26$

$\Rightarrow 3x = 26 - 20$

$\Rightarrow 3x = 6$

$\therefore x = 2$

এখন, x ও y এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$\Rightarrow 2 + 2.2 - z = 5$

$\Rightarrow 6 - z = 5$

$\therefore z = 1$

$\therefore$ নির্ণেয় মান: (x, y, z) = (2, 2, 1) (Ans.)

**বিষয়: সাধারণ/কারিগরী জ্ঞান (১৫)**

**প্রশ্ন-৬. নিম্নলিখিত প্রশ্নের সঠিক উত্তর লিখুন (উত্তরপত্রে প্রশ্ন লেখার প্রয়োজন নেই): ১৫×১ = ১৫**

ক. বাংলাদেশের বর্তমান সরকার কত তারিখে গঠিত হয়?

**উত্তর:** ১৭ ফেব্রুয়ারি ২০২৬।

খ. ২০২৬ সালের বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হবে?

**উত্তর:** যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো।

গ. জনসংখ্যার দিক দিয়ে বিশ্বের বৃহত্তম মুসলিম দেশের নাম কী?

**উত্তর:** ইন্দোনেশিয়া।

ঘ. সিপাহী বিদ্রোহ ঘটে কত সালে?

**উত্তর:** ১৮৫৭ সালে।

ঙ. বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তার দাপ্তরিক পদবী কী?

**উত্তর:** অ্যাটর্নি জেনারেল।

চ. HIV ভাইরাসের আকৃতি কী রূপ?

**উত্তর:** গোলাকার ও ঝিল্লি দ্বারা আবৃত।

ছ. মাটি, পানি, গাছপালা এসব উপাদানকে একত্রে কী বলে?

**উত্তর:** প্রাকৃতিক পরিবেশ।

জ. বায়ুমন্ডলে কোন উপাদানটির বৃদ্ধির ফলে জলবায়ুর পরিবর্তন হচ্ছে?

**উত্তর:** কার্বন ডাই-অক্সাইড।

ঝ. সম্প্রতি চারজন নভোচারী চন্দ্র অভিযান শেষ করেন। তাদের তিনজন মার্কিন যুক্তরাষ্ট্রের, অন্যজন কোন দেশের?

**উত্তর:** কানাডা।

ঞ. হরমুজ প্রণালী কোন দুই উপ-সাগরকে যুক্ত করেছে?

**উত্তর:** পারস্য উপসাগর ও ওমান উপসাগর।

ট. WPM এর পূর্ণরূপ কী?

**উত্তর:** Words Per Minute

ঠ. কীবোর্ড শর্টকাট Ctrl+Z এবং Ctrl+P এর কাজ কী?

**উত্তর:** Ctrl+z = Undo; Ctrl+p = প্রিন্ট করা।

ড. অভ্র কী?

**উত্তর:** ইউনিকোডভিত্তিক বাংলা লেখা কম্পিউটার প্রোগ্রাম।

ঢ. একটি Keyboard-এ কতটি Function Key থাকে?

**উত্তর:** ১২টি।

ণ. 'ঞ্জ' এর বিশিষ্ট রূপ কী?

**উত্তর:** ঞ+জ।

Biddabari your success benchmark